

আরবিআই/২০১০-১১/৩০৭

আরপিপিডি.পিও.আরসিবি.এমএল.বিসি.নং.৩৭/০৭.৪০.০০/২০১০-১১

ডিসেম্বর ১০, ২০১০

মুখ্য নিব্বাহী আধিকারিক

সমস্ত রাজ্য ও কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

প্রিয় মহাশয়,

**আপনার গ্রাহকে জানুন (কে ওয়াই সি) নির্দেশাবলী - বেতনভুক কর্মচারী**

দয়া করে দেখুন আমাদের ফেব্রুয়ারি ১৮, ২০০৫ তারিখাঙ্কিত সাকুলার আরপিপিডি.এমএল.বিসি.নং.৮০/০৭.৪০.০০/২০০৪-০৫-এর সঙ্গে সংযুক্ত 'আপনার গ্রাহকে জানুন-নিয়মাচার এবং অর্থ বৈধকরণ বিরোধী পদক্ষেপসমূহ'-এর সংযোজনী ২ যাতে ব্যাঙ্ক একাউন্ট খোলার জন্য গ্রাহক পরিচিতি এবং ঠিকানা যাচাই হেতু নথি/তথ্য কী প্রকৃতির ও ধরনের হওয়া উচিত তার একটি সূচনামূলক তালিকা দেওয়া হয়েছে

২. আমাদের দৃষ্টিগোচর হয়েছে, কিছু কিছু ব্যাঙ্ক বেতনভুক কর্মচারীদের ব্যাঙ্ক একাউন্ট খোলার সময় পরিচিতি প্রমাণ ও ঠিকানা প্রমাণের জন্য কে ওয়াই সি নথি হিসেবে নিয়োগকর্তা কর্তৃক জারি করা প্রমাণপত্র / পত্র-এর উপর ভরসা করছেন। এই ধরনের রেওয়াজ অপপ্রয়োগের শিকার হতেই পারে এবং অত্যন্ত ঝুঁকিপূর্ণও বটে। এই কারণে, স্পষ্ট করা হচ্ছে যে প্রত্যাহার ঝুঁকি এড়ানোর জন্য কেবল মাত্র সুনামী কর্পোরেট বা সংস্থা কর্তৃক জারি করা প্রমাণপত্রের উপর ভরসা করা যাবে এবং সতর্ক থাকা উচিত যেন নিয়োগকর্তা কর্তৃক ভারপ্রাপ্ত যোগ্য কর্তৃপক্ষের দ্বারা তা জারি করা হয়ে থাকে। তদুপরি, প্রমাণপত্র ছাড়াও অর্থ বৈধকরণ নিবারণ নিয়ম (প্রিভেনশন অফ ম্যানি লন্ডারিং বুলস)-এর অন্তর্গত ব্যাঙ্কের, কর্পোরেট বা অন্যান্য সংস্থার বেতনভুক কর্মচারীদের ব্যাঙ্ক একাউন্ট খোলার জন্য অন্তত সরকারিভাবে বৈধ একটি নথি (পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, ভোটার পরিচিতি কার্ড ইত্যাদি) অথবা কে ওয়াই সি উদ্দেশ্যপূরণকারী কোনও নিত্য প্রয়োজনীয় পরিষেবার বিল জমা দেওয়ার উপর জোর দেওয়া উচিত।

৩. ব্যাঙ্কিং রেগুলেশন এক্ট ১৯৪৯( সমবায় সমিতির জন্য প্রযোজ্য)-এর অনুভাগ ৩৫ এবং অর্থ বৈধকরণ নিবারণ(ধরন ও লেনদেনের মূল্য সংক্রান্ত নথি সংরক্ষণ, সংরক্ষণের ধরন ও প্রণালী এবং তথ্য প্রকাশ করা ও যাচাই-এর জন্য নির্ধারিত সময় এবং ব্যাঙ্ক, আর্থিক সংস্থা ও মধ্যবর্তী সংস্থার গ্রাহকদের পরিচিতি সংক্রান্ত নথি সংরক্ষণ)নিয়ম ২০০৫-এর নিয়ম ৭-এর অন্তর্গত এই নির্দেশাবলী জারি করা হয়েছে। এগুলি উল্লঙ্ঘন করলে বা না পালন করলে উক্ত এক্টের বিধানানুসারে শাস্তি প্রযোজ্য।

৪. দয়া করে আমাদের আঞ্চলিক দপ্তরে প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত

(বি.পি.ভিজয়েন্ড)

মুখ্য মহাপ্রবন্ধক